



আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

৩০ শ্রাবণ ১৪২৯

তারিখঃ

১৪ আগস্ট ২০২২

ডিএফআইএম সার্কুলার লেটার নং-১৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

পুঁজিবাজারে বিনিয়োগ উপাদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নম্বর-০৩, তারিখ: ১৫ ফেব্রুয়ারি ২০২২-এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত সার্কুলারের মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠানসমূহের বিনিয়োগের কোন কোন উপাদান আর্থিক প্রতিষ্ঠানের 'পুঁজিবাজার বিনিয়োগ' হিসেবে গণ্য হবে সে বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। এক্ষণে এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, আর্থিক প্রতিষ্ঠানের পুঁজিবাজারে শেয়ার ধারণের উর্ধ্বসীমা (Exposure Limit) নির্ধারণে উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নম্বর-(ক)-এ উল্লিখিত পুঁজিবাজারে তালিকাভুক্ত শেয়ার, ডিবেঞ্চগর, কর্পোরেট বন্ড, মিউচুয়াল ফান্ড ইউনিট এবং পুঁজিবাজারের অন্যান্য নিদর্শনপত্রে বিনিয়োগ হিসাবায়নের ক্ষেত্রে 'বাজারমূল্য'-এর পরিবর্তে 'ক্রয়মূল্য' বিবেচনা করতে হবে।

৩। উক্ত সার্কুলারের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে। আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩-এর ১৮(ছ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আমির উদ্দিন)
পরিচালক (ডিএফআইএম)
ফোনঃ ৯৫৩০১৭৮।